

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১২৫৯

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ওয়ালা (অভিভাবকত্বের) শর্ত করা এবং এই বিষয়ে ভৎসনা প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي اشْتِرَاطِ الْوَلَاءِ وَالزَّجْرِ عَنْ ذَلِكَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مَنْصُورٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ الْأَسْوَدِ، عَنْ عَائِشَةَ، أَنَّهَا أَرَادَتْ أَنْ تَشْتَرِيَ، بَرِيرَةَ فَاشْتَرَطُوا الْوَلَاءَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " اشْتَرِيهَا فَإِنَّمَا الْوَلَاءُ لِمَنْ أُعْطِيَ الثَّمَنُ أَوْ لِمَنْ وَلِيَ النِّعْمَةَ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ ابْنِ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ . قَالَ وَمَنْصُورُ بْنُ الْمُعْتَمِرِ يُكْنَى أَبَا عَتَّابٍ . حَدَّثَنَا أَبُو بَكْرِ الْعَطَّارُ الْبَصْرِيُّ عَنْ عَلِيِّ بْنِ الْمَدِينِيِّ قَالَ سَمِعْتُ يَحْيَى بْنَ سَعِيدٍ يَقُولُ إِذَا حَدَّثْتَ عَنْ مَنْصُورٍ فَقَدْ مَلَأْتَ يَدَكَ مِنَ الْخَيْرِ لَا تُرَدُّ غَيْرُهُ . ثُمَّ قَالَ يَحْيَى مَا أَجْدُ فِي إِبْرَاهِيمَ النَّخَعِيِّ وَمُجَاهِدٍ أَثْبَتَ مِنْ مَنْصُورٍ . قَالَ وَأَخْبَرَنِي مُحَمَّدٌ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي الْأَسْوَدِ قَالَ قَالَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ مَنْصُورٌ أَثْبَتُ أَهْلَ الْكُوفَةِ .

বাংলা

১২৫৯. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত যে, তিনি বারীরাহকে ক্রয় করার ইচ্ছা করেছিলেন। তখন তার মালিক পক্ষ (নিজদের জন্য) ওয়ালা-এর শর্তারোপ করে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (আয়িশাকে) বললেন, তুমি বারীরাকে কিনে নাও। যে মূল্য পরিশোধ করে (বা যে আযাদ করার নেয়ামতের অধিকারী হয়েছেন) তারই 'ওয়ালা' থাকবে। - ইবনু মাজাহ ২৫২১, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৫৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবু ঈসা (রহঃ) বলেন, আয়িশা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত হাদীসটি হাসান-সাহীহ। এতদনুসারে আলিমগণের আমল রয়েছে। ইমাম আবু ঈসা (রহঃ) বলেন, মানসুর ইবনুল মু'তামিরের কুনিয়াত বা উপনাম হলো 'আত্তাব'। আবু বকর আত্তার আল-বাসরী (রহঃ) আলী ইবনুল মাদীনী (রহঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, আমি ইয়াহইয়া ইবনু সাঈদ (রহঃ) কে

বলতে শুনেছি, মানসুর-এর বরাতে যদি তোমাকে কিছু রিওয়ায়াত করা হয় তবে তুমি তোমার হাতকে মঙ্গল ও কল্যাণে ভর্তি করে নিলে। তাছাড়া অন্য কিছু আর বাসনা করো না। এরপর ইয়াহইয়া বললেন, ইবরাহীম নাখঈ ও মুজাহিদ (রহঃ)-এর রিওয়ায়াতের ক্ষেত্রে মানসুর অপেক্ষা অধিক আস্থাযোগ্য কাউকে আমি পাই নি। মুহাম্মাদ আল-বুখারী (রহঃ) বর্ণনা করেন, আবদুল্লাহ ইবনু আবুল আসওয়াদ বর্ণনা করেছেন যে, আবদুর রহমান ইবনু মাহদী বলেছেন, কুফাবাসীদের মধ্যে মানসুর হলেন সব চাইতে নির্ভরযোগ্য।

English

Narrated Al-Aswad:

From 'Aishah that she wanted to purchase Barirah, but they (he owners) made the condition that they would retain the Wala'. So the Prophet (ﷺ) said: "Buy her, the Wala' is only for the one who gives the price, or for the one who grants the favor."

[He said:] There is something on this topic from Ibn 'Umar.

[Abu 'Eisa said:] The Hadith of 'Aishah is a Hasan Sahih Hadith. This is acted upon according to the people of knowledge. And Mansur bin Al-Mu'tamir's Kunyah is Abu 'Attab.

Abu Bakr Al-'Attar Al-Basri narrated to us from 'Ali bin Al-Madini who said: "I heard Yahya bin Sa'eed saying: 'When you get a narration from Mansur, then your hand has been filled with goodness without needing others.' Then Yahya said: 'I did not find anyone more reliable in (narrating from) Ibrahim An-Nakha'i and Mujahid than Mansur.'"

[He said:] Muhammad informed me from 'Abdullah bin Abi Al-Aswad who said: " 'Abdur-Rahman bin Mahdi said: 'Mansur is the most reliable of the people of Al-Kufah.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=18451>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন